

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
নবীনগর, ব্রাক্ষণবাড়িয়া।

Email-uaonabinagar@gmail.com
দূরভাষঃ ০৮৫২৫৭৫২৩৬

চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য আর্থিক সাহায্য সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতিঃ কৃষিবিদ মোঃ জাহাঙ্গীর আলম লিটন

উপজেলা কৃষি অফিসার

নবীনগর, ব্রাক্ষণবাড়িয়া।

তারিখঃ ১২/০৯/২০২৩ খ্রিঃ

সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।

স্থানঃ উপজেলা কৃষি অফিসারের সম্মেলন কক্ষ, নবীনগর, ব্রাক্ষণবাড়িয়া।

বিষয়ঃ জনাব মোঃ আলী চৌধুরী কৃষি অফিসার, নবীনগর, ব্রাক্ষণবাড়িয়া এর চিকিৎসার জন্য দোয়া ও আর্থিক সহযোগিতাকরণ প্রদান
প্রসঙ্গে।

অদ্য ১২/০৯/২০২৩ খ্রিঃ তারিখে সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা কৃষি অফিসারের সম্মেলন কক্ষে উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মোঃ জাহাঙ্গীর আলম লিটন মহোদয়ের সভাপতিত্বে অত্র দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীগণের উপস্থিতিতে এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জনাব মোঃ আলী চৌধুরী, উপসহকারী কৃষি অফিসার, অত্র দপ্তরে কর্মরত বিগত ৩০/০৮/২০২৩ খ্রিঃ তারিখে ব্রেইন স্ট্রোক করেন। সে মোতাবেক গোমতী হসপিটাল, নজরুল এভিনিউ, কান্দিরপাড়, কুমিল্লায় অধ্যাপক ডাঃ মোঃ নাজমুল হাসান টোখুরীর তত্ত্বাবধানে চিকিৎসা শুরু করেন। কিন্তু তার শারীরিক অবস্থার উন্নতি না হওয়ায় পরবর্তীতে তাকে আরও উন্নত চিকিৎসার জন্য বিগত ০৯/০৯/২০২৩ খ্রিঃ তারিখে ন্যাশনাল ইনসিটিউট অব নিউরো সাইক্ল হসপিটাল, ঢাকায় নিয়ে যাওয়া হয়। ইতিমধ্যে তার চিকিৎসা ব্যয় বাবদ তার পরিবারের ০৫ (পাঁচ) লক্ষ টাকার বেশি খরচ হয়ে গেছে। চিকিৎসক জানান এ ধরণের চিকিৎসা দীর্ঘমেয়াদী এবং অনেক ব্যয়বহুল এবং চিকিৎসক আরও জানান সময়মত সঠিক চিকিৎসা না করা হলে বড় ধরণের দুর্ঘটনা ঘটতে পারে। এমতাবস্থায় তার চিকিৎসার সম্পূর্ণ খরচ তার পরিবারের পক্ষে বহন করা সম্ভব নয় মর্মে তিনি চিকিৎসা খরচের আর্থিক সাহায্যের জন্য অত্র দপ্তরে আবেদন করেন। তার আবেদনের প্রেক্ষিতে সভাপতি মহোদয় দোয়া ও আর্থিক সাহায্যের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীগণের নিকট বিনোদ অনুরোধ করেন। অতপর, অদ্য সভায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সকল অফিস সমূহের নিকট মানবিক সাহায্যের আবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলের সুস্থান্ত্রণ ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সহযোগীতা পাঠানোর ঠিকানাঃ

সোনলী ব্যাংক লিঃ

নবীনগর শাখা, ব্রাক্ষণবাড়িয়া

হিসাবের নামঃ উপজেলা কৃষি অফিসার

হিসাব নম্বরঃ ১৪১৫২০০০০৬১৪৩

বিকাশ নম্বরঃ ০১৬৮২-৯৭৫৫৫৮ (মোঃ জাহাঙ্গীর আলম লিটন, উপজেলা কৃষি অফিসার, নবীনগর, ব্রাক্ষণবাড়িয়া)

বিকাশ নম্বরঃ ০১৮১৩-৭১৮৭৪৩ (কাজী মশিউর রহমান, এসএও, নবীনগর, ব্রাক্ষণবাড়িয়া)

স্মারক নং: ১২.১৮.১২৮৫.০৮১.৮০.০৯৯.২৩-৩৪৮

তারিখ: ১২/০৯/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল :

০১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২০৮।

০২। পরিচালক, সরেজমিন উইঁ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২০৮।

০৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, অঞ্চল, (সকল)

০৪। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জেলা, (সকল)

০৫। উপজেলা কৃষি অফিসার, উপজেলা, জেলা (সকল)।

০৬। অফিস কপি, অত্র কার্যালয়।

 ১২/০৯/২০২৩
(মোঃ জাহাঙ্গীর আলম লিটন)

উপজেলা কৃষি অফিসার
নবীনগর, ব্রাক্ষণবাড়িয়া।